



# রেজিস্ট্রারের কার্যালয়

## ইসলামী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, কুষ্টিয়া-৭০০৩

ফোন : +৮৮ ০৭১-৭৪৯০৪ অফিস , ০২৪ ৭৮৮৫ ৩০৬৪ বাসা, পিবিএক্সঃ ৭৪৯১০-৭৪৯২০ এক্স। ২২০৬ (অফিস)  
ফ্যাক্স : +৮৮-০৭১৭৪৯০৫ , ই-মেইল : registrar@iu.ac.bd, web : www.iu.ac.bd



প্রশাঃ/ইবি-২০২১/১৩৯৩  
নং : .....

তারিখ : ২৩-০৭-২০২১ .....

### অফিস আদেশ

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈশ্বিক মহামারী করোনার কারণে দীর্ঘদিন বিশ্ববিদ্যালয় বন্ধ আছে। বন্ধকালীন সময়ে (জুলাই-২০২০ থেকে অদ্যাবধি) বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী যারা বিশ্ববিদ্যালয়ের মাদ্রাসা ফান্ডের লোন এবং পিএফ লোন গ্রহণ করেছেন তাদের মাসিক কিস্তি কর্তন স্থগিত আছে। এর ফলে নতুন আবেদনকারীগণকে আর মাদ্রাসার লোন প্রদান করা সম্ভব হচ্ছে না। পাশাপাশি করোনাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে কর্পোরেট লোন গ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের মাসিক কিস্তি কর্তন গত নয় মাস স্থগিত রয়েছে। এর পরও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি এবং কর্মচারী সমিতি বার বার লোন কর্তন স্থগিত রাখার জন্য আবেদন করেছেন।

বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী পিএফ, মাদ্রাসা ফান্ড এবং কর্পোরেট তিন প্রকার লোনই গ্রহণ করেছেন। এ সমস্ত লোনের কিস্তি গ্রহণ দীর্ঘদিন স্থগিত রাখলে কোন কোন ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় আর্থিক ক্ষতির সম্মুখীন হতে পারে। স্মর্তব্য, যে কেউ প্রাপ্য স্কেল অনুযায়ী লোন গ্রহণ করলে তাকে শেষ পর্যন্ত সাকুল্যে প্রায় দ্বিগুণ বা তার সামান্য কম পরিমাণ অর্থ পরিশোধ করতে হয়। অনেক সময় এ কারণে লোন গ্রহীতার অনেকে নিজেরাও কিস্তির টাকা কর্তন বন্ধ করতে রাজি নয় তাদের বিষয়টিও বিবেচনা করা দরকার। আবার মাদ্রাসা লোনের নতুন আবেদনকারীগণের লোন দিতে হলে মাদ্রাসা লোনের কিস্তি আদায় অপরিহার্য।

এতদসত্ত্বেও, শিক্ষক সমিতির সাধারণ সভার সিদ্ধান্ত, কর্মকর্তা সমিতি এবং কর্মচারী সমিতির আবেদন বিবেচনা করে দুই মাস অর্থাৎ জুলাই এবং আগস্ট-২০২১ কর্পোরেট লোনের কিস্তি কাটা স্থগিত রাখা হল। তবে এক্ষেত্রে শুধুমাত্র যে সকল শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী আগামী ২৬-০৭-২০২১ তারিখ দুপুর দুইটার মধ্যে পরিচালক (ভারপ্রাপ্ত) অর্থ ও হিসাব বরাবর ই-মেইলে ([siddiqueullah.iu1962@gmail.com](mailto:siddiqueullah.iu1962@gmail.com)) লোন কর্তন স্থগিত রাখার আবেদন করবেন কেবলমাত্র তাদের লোন কর্তন স্থগিত রাখা হবে।

উল্লেখ্য ইতোমধ্যে করোনা আক্রান্ত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে তিন মাসের লোন কিস্তি কর্তন না করার যে সিদ্ধান্ত গৃহীত হয়েছিলো তা বহাল থাকবে।

২৩-০৭-২০২১

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া।